

# ওরিয়েন্টেশনে শিক্ষার্থীদের মিলনমেলা

জবি প্রতিনিধি

০৮ সেপ্টেম্বর ২০২৪, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

**আমাদের সময়**



জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যারিয়ার ক্লাবের এলডিপি ওরিয়েন্টেশন প্রোগ্রামে নতুন মেম্বাররা -আমাদের সময়

জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) ক্যারিয়ার ক্লাবের (জেএনইউসিসি) লিডারশিপ ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এলডিপি) ২০২৪-এর নতুন মেম্বারদের ‘ওরিয়েন্টেশন’ প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। এতে অতিথি ছিলেন ক্লাবের অ্যালামনাইব্ন্ড। গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়ের শহীদ সাজিদ একাডেমিক ভবনে এই ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। এতে অ্যালামনাইব্ন্ড ক্লাবে তাদের অভিজ্ঞতার স্মৃতিচারণ করেন। করপোরেট, ব্যাংকিং ও সিভিল সেক্টর নিয়ে আলোচনা করেন। পাশাপাশি ক্লাবের নবীন সদস্যদের ক্যারিয়ারবিষয়ক বিভিন্ন পরামর্শ দেন। অনুষ্ঠানের মিডিয়া পার্টনার ছিল দৈনিক আমাদের সময়।

ক্লাবের সভাপতি শাফকাতু আজম বলেন, একাডেমিক পড়াশোনার পাশাপাশি নিজেকে এক ধাপ এগিয়ে রাখতে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যারিয়ার ক্লাবের প্রতিষ্ঠা। এলডিপি হলো ক্লাবের মেম্বার রিক্রুটমেন্ট প্রোগ্রাম। যেখানে নবীন শিক্ষার্থীদের এক বছর মেয়াদে ধাপে ধাপে বিভিন্ন কারিকুলাম ও স্কিল প্রশিক্ষণের মাধ্যমে ভবিষ্যৎ লিডার হিসেবে গড়ে তোলা হয়।

লিডারশিপ ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এলডিপি) জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যারিয়ার ক্লাবের মেম্বারশিপ রিক্রুটমেন্ট প্রোগ্রাম। অনেক আবেদনকারীর মধ্য থেকে বিভিন্ন ধাপে যাচাই-বাছাই করে ৯০ জনকে এ বছর ক্লাবের বিশেষ সদস্যপদ ম্যানেজমেন্ট ট্রেইনি হিসেবে নিয়োগ দিয়ে প্রোগ্রামে যুক্ত করা

হয়েছে। এলডিপি প্রোগ্রামের অধীনে নিয়োগপ্রাপ্তদের এক বছর ধরে ধাপে ধাপে বিভিন্ন স্কিল প্রশিক্ষণ দেওয়া হয়। যাতে তারা একুশ শতকের চাকরির বাজারে নিজেদের যোগ্য প্রার্থী হিসেবে গড়ে তুলতে পারে।